

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্মচারী কল্যাণ সমিতির নির্বাচন আয়োজন বিষয়ে ১ম সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব নিশ্চিত্ত কুমার পোদ্দার
পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
স্থান : সন্মেলন কক্ষ।
তারিখ : ১৭.০৪.২০২২ খ্রি.
সময় : দুপুর ১২:০০টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবি (স্বাক্ষর):

পরিশিষ্টক"তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মচারীবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমেই তিনি জরুরি এ সভা আহবানের গুরুত্ব সকলকে অবহিত করেন এবং উপস্থিত কর্মচারী এবং 'দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্মচারী কল্যাণ সমিতি'র দায়িত্ব পালনরতদের উদ্দেশ্যে সৌজন্যমূলক বক্তব্য উপস্থাপন করেন। জরুরি আহবানকৃত সভায় উপপরিচালক (ভিজিডি) জনাব আব্দুর রহমান, সহকারী পরিচালক জনাব আবুল কালাম আজাদ, জনাব মাহাতাব উদ্দিন, জনাব মোঃ শামছুল আলমকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলে তাঁরা সভায় উপস্থিত হন।

সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, 'দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্মচারী কল্যাণ সমিতি'র বিদ্যমান কমিটির মেয়াদ এপ্রিল, ২০২১ মাসে উত্তীর্ণ হয়েছে। কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় নির্বাচনের মাধ্যমে নতুন কমিটি গঠন অথবা অন্তর্বর্তীকালীন সময়ের জন্য একটি এডহক কমিটি গঠনের জন্য কমিটির সভাপতি জনাব মোঃ ফরিদ হোসেন জানুয়ারী, ২০২২ মাসে মহাপরিচালক মহোদয় বরাবরে আবেদন করেন। উক্ত আবেদন নথিতে উপস্থাপন করা হলে সমিতির গঠনতন্ত্র অনুযায়ী কমিটি গঠনের জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। কর্মচারী কল্যাণ সমিতির বিদ্যমান গঠনতন্ত্রের অনুচ্ছেদে ১৩ এ প্রতি ০৩ (তিন) বছর অন্তর অন্তর নির্বাচন অনুষ্ঠানের এবং অনুচ্ছেদ ১৯ কোন প্রাকৃতিক দুর্যোগ বা যুক্তিসংগত কারণে কার্যকরী পরিষদের মেয়াদ শেষ হওয়ার পর নির্বাচন অনুষ্ঠান করা সম্ভব না হলে অন্তর্বর্তী কালীন সময়ের জন্য তত্ত্বাবধায়ক উপদেষ্টা কমিটি গঠনের বিধান আছে। গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৩ অনুযায়ী সরাসরি নির্বাচন অনুষ্ঠিত হবে না অনুচ্ছেদ ১৯ অনুযায়ী অন্তর্বর্তীকালীন তত্ত্বাবধায়ক উপদেষ্টা কমিটি গঠন করা হবে সে বিষয়ে উপস্থিত সকলকে উন্মুক্ত মতামত প্রদানের জন্য আহবান করা হয়।

উপস্থিত কর্মচারীদের মধ্যে অধিকাংশই কর্মচারি জানান যে, বিগত ১ বছর আগে কমিটির মেয়াদ শেষ হয়ে যাওয়ায় মূলত কমিটির কোন কার্যক্রম নেই। বিদ্যমান গঠনতন্ত্রের ১৩ অনুচ্ছেদ অনুযায়ী নির্বাচন অনুষ্ঠান আয়োজনের পক্ষে মতামত প্রদান করেন। এছাড়া, উপপরিচালক (ভিজিডি) ও সহকারী পরিচালকগণও গঠনতন্ত্রের আলোকে প্রত্যক্ষ ভোটার মাধ্যমে নির্বাচন আয়োজনের জন্য মতামত প্রদান করেন। সভাপতি মহোদয় পুনরায় আলোচনায় অংশ নিয়ে জানান যে, যেহেতু উপস্থিত অধিকাংশ কর্মচারি নির্বাচনের পক্ষে মতামত ব্যক্ত করেছেন সেহেতু সরাসরি নির্বাচন অনুষ্ঠান আয়োজনের কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিদ্যমান কমিটি বিলুপ্ত ঘোষণাকরণসহ সমিতির হিসাব নিকাশ হস্তান্তরের প্রয়োজনীয়তা রয়েছে।


চলমান পাতা-২

এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

- (১) কর্মচারী কল্যাণ সমিতির নতুন নির্বাচন আয়োজনের লক্ষ্যে বিদ্যমান কমিটি বিলুপ্ত ঘোষণা করা হলো।
- (২) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্মচারী কল্যাণ সমিতির বিলুপ্ত কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক, দপ্তর সম্পাদক ও কোষাধ্যক্ষকে সমিতির যাবতীয় কাগজপত্রাদি, আয়-ব্যয়, হিসাব নিকাশ ও ক্যাশ বহি পরিচালক (প্রশাসন) এর নিকট বুঝিয়ে দিবেন।
- (৩) কর্মচারী কল্যাণ সমিতির নতুন নির্বাচন আয়োজনের লক্ষ্যে প্রশাসন-২ শাখা আগামী ১৩.০৫.২০২২ খ্রি. তারিখের মধ্যে কর্মচারীদের হালনাগাদ ভোটার তালিকা প্রস্তুত করে পরিচালক (প্রশাসন) এর নিকট দাখিল করবে।
- (৪) হালনাগাদ ভোটার তালিকা দাখিলের পর নির্বাচন আয়োজনের পরবর্তী কার্যক্রম নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে সকল কর্মচারীদের সাথে পরিচালক (প্রশাসন) পুনরায় সভায় মিলিত হবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে সুচিন্তিত মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(নিশিকান্ত কুমার পোদ্দার)
পরিচালক (প্রশাসন)
ফোন : ০২-৯৮৯২৩৯৮

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৪.৯৮.০০২.১৭. ২৭৪

তারিখ : ২৬-০৪-২০২২ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। পরিচালক / প্রকল্প পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। উপপরিচালক / উপপ্রকল্প পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, (সকল)।
- ০৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা [অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ০৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, (সকল)।
- ০৮। কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৯। জনাব
বিলুপ্ত দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্মচারী কল্যাণ সমিতির সভাপতি / সাধারণ সম্পাদক / দপ্তর সম্পাদক / কোষাধ্যক্ষ।
- ১০। সকল সদস্য, বিলুপ্ত দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্মচারী কল্যাণ সমিতি।


(নিশিকান্ত কুমার পোদ্দার)
পরিচালক (প্রশাসন)
ফোন : ০২-৯৮৯২৩৯৮